তারিখ 01 JAN 2013
পৃষ্ঠা 2 কলাম 8

যুগান্তর

# ছাত্রদলের ৩৪তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ

যুগান্তর রিপোর্ট

আজ ১ জানুয়ারি বিএনপির সহযোগী সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদলের ৩৪তম প্রতিষ্ঠাবার্ষিকী। এই উপলক্ষে দিনব্যাপী নানা কর্মসূচি হাতে নিয়েছে সংগঠনটি। সকালে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজারে শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু করবে ছাত্রদল। দুপুরে ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। পরে হবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এর আগে সোমবার রাত ১২টায় নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়। বিএনপির স্থায়ী কমিটির সদস্যসহ সিনিয়র নেতা এবং ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা এসময় উপস্থিত ছিলেন। ১৯৭৯ সালের ১ জানুয়ারি বিএনপির অঙ্গসংগঠন হিসেবে জাতীয়তাবাদী ছাত্রদল প্রতিষ্ঠা করেন জিয়াউর রহমান। ৫ সেপ্টেম্বর আবদুল কাদের ভূঁইয়া জুয়েলকে সভাপতি ও হাবিবুর রশিদ হাবিবকে সাধারণ সম্পাদক করে পাঁচ সদস্যের কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়। একইসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের কমিটিও পুনর্গঠন করা হয়। যত দ্রুত সম্ভব কেন্দ্রীয় পূর্ণাঙ্গ কমিটি করার নির্দেশ দেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। প্রতিষ্ঠাবার্ষিকীকে টার্গেট করে পূর্ণাঙ্গ কমিটি গঠনের প্রস্তুতি শুরু করে নবগঠিত কমিটির নেতারা। কিন্তু কমিটি চূড়ান্ত না হওয়ায় আজ তা ঘোষণা করা হচ্ছে না। তবে জানুয়ারির মাঝামাঝি বা শেষ সপ্তাহে তা ঘোষণা করার সম্ভাবনা রয়েছে।

জানতে চাইলে ছাত্রদলের সভাপতি আবদুল কাদের ভূঁইয়া জুয়েল ও সাধারণ সম্পাদক হাবিবুর রশিদ হাবিব যুগান্তরকে বলেন, প্রতিষ্ঠাবার্ষিকীর দিন পূর্ণাঙ্গ কমিটি ঘোষণার টার্গেট নিয়ে দায়িত্ব পাওয়ার পরপরই কাজ শুরু করি। সংগঠনের শৃংখলার স্বার্থে বেশ কিছু বিষয়কে সামনে রেখে কাজ করতে হচ্ছে। নানা মহলের তদবির, লবিং এবং গ্রুপিংয়ের ঊর্ধ্বে উঠে যোগ্য, মেধাবী ও সক্রিয়দের নিয়ে একটি ভালো কমিটি গঠনের চেষ্টা করছি। তারা বলেন, সরকারবিরোধী আন্দোলনে ব্যস্ত থাকা এবং ক্ষমতাসীনদের নানা হামলা, নির্যাতন এবং মামলার কারণে ঠিকমতো কাজ করা সম্ভব হয়নি। এসব নানা প্রতিকূলতার মাঝেও পূর্ণাঙ্গ কমিটি প্রায় চূড়ান্ত পর্যায়ে। জানুয়ারির মধ্যেই তা ঘোষণা করতে পারব বলে আশা করছি।